

## ঢাকা রিজেন্সির ক্রিসমাস আয়োজন

- A Monitor Desk Report

Date: 23 December, 2024



**ঢাকাঃ** এই শীতে উৎসবের মৌসুমে ঢাকা রিজেন্সি হোটেল অ্যান্ড রিসোর্ট নিয়ে এসেছে বিশেষ আয়োজন, যেখানে অতিথির উপভোগ করতে পারবেন বড়োদিন এবং নববর্ষের আনন্দঘন মুহূর্ত। প্রতি বছরের মতো এবারও বড়োদিন উদযাপনের নানা আয়োজন করেছে ঢাকা রিজেন্সি হোটেল অ্যান্ড রিসোর্ট। দিনটিকে সামনে রেখে থাকছে খাবারের নানা আয়োজন। এছাড়া, শিশুদের জন্য ক্রিসমাস কিডস পার্টির আয়োজন তো থাকছেই। ঢাকা রিজেন্সির গ্র্যান্ডিওস রেস্টুরেন্টে চলবে মজাদার খাবারের আয়োজন।

ক্রিসমাস ইভ ও বড়দিনে (২৪ ও ২৫ ডিসেম্বর) সন্ধ্যা সাড়ে ৬টা থেকে রাত সাড়ে ১০টা পর্যন্ত থাকছে রাতের ব্যুফে খাবারের আয়োজন। পাশাপাশি ঢাকা রিজেন্সি প্রিমিয়ার ক্লাব মেম্বার, ঢাকা রিজেন্সি ফ্যান গুপ মেম্বার এবং সিলেক্টেড কার্ডে বাই ওয়ান গেট ওয়ান ফ্রি অফার তো থাকছেই।

এছাড়া, ফ্যামিলি অ্যান্ড ফ্রেন্ডসের জন্য স্পেশাল অফার হিসেবে থাকছে ‘ডাইন ফোর অ্যাট প্রাইস অব ওয়ান’ মাত্র ৯৯৯৯ টাকায়। ব্যুফে মেন্যুতে থাকছে বিভিন্ন দেশের বড়দিনের খাবার।

ক্রিসমাস ইভ-এ থাকছে জনপ্রিয় বুফটপ গার্ডেন রেস্টুরেন্ট গ্রিল অন দা স্কাইলাইনে বার বি কিউ ডিনারের সঙ্গে হিপ-হপ লাইভ মিউজিকের জমজমাট আয়োজন ! সেখানেও স্পেশাল অফারে থাকছে চারজনের জন্য মাত্র ৯৯৯৯ টাকায় মজার মজার সব প্ল্যাটার।

ছোটদের জন্য থাকছে বড়দিনের এক্সক্লুসিভ কিডস পার্টি। সুন্দরভাবে সাজানো কিডস কর্নার, সান্তা ক্লজের উপস্থিতি, টয় ট্রেন, বাউন্সি হাউস, বল হাউসসহ বিভিন্ন ধরনের খেলার ব্যবস্থা, উপহার বিতরণ এবং আকর্ষণীয় ম্যাজিক শোয়ের মাধ্যমে শিশুদের দিনটি হয়ে উঠবে রঙিন।

২৫ ডিসেম্বর ঢাকা রিজেন্সির সিগনেচার ইভেন্ট ক্রিসমাস কিডস পার্টি বুফটপ গার্ডেন রেস্টুরেন্ট গ্রিল অন দা স্কাইলাইন এবং ১৪ তলায় অবস্থিত সেলিব্রেশন হল— এই দুই ভেন্যুতেই জাঁকজমকভাবে অনুষ্ঠিত হয়। এই আয়োজন চলে সকাল ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। শিশুদের এ আয়োজনে থাকবে জাতীয় পুরস্কার প্রাপ্ত শিল্পীদের মজার মজার সব গান ও মজার মজার সব ম্যাজিক।

বিস্তারিত জানতে কল করুন ০১৭১৩৩৩২৬৬১ নম্বরে অথবা ভিজিট করুন  
<https://www.facebook.com/share/EcPcx57o8KsfSd24/>

-B